নব অভি[illegible]ন

তারিখ ...04 JUL 1988...
পৃষ্ঠা ...৩ কলাম ...১...

070

# ছাত্র-সংসদ না থাকাটাই সন্ত্রাসের অন্যতম কারণ

## —সিরাজুল ইসলাম চৌধুরী



সিরাজুল ইসলাম চৌধুরীর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অধ্যাপক ও বিশিষ্ট বুদ্ধিজীবী সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, পুঁজিবাদী ব্যবস্থার কারণে আমাদের সমাজে শোষণ বেশী। আর তাই এখানে নীতিগর্হিত ও বেআইনী কাজ মর্যাদাবান হয়েছে। সমাজের এ অবস্থার প্রতিফলন শিক্ষা প্রতিষ্ঠানগুলোকেও কলুষিত করেছে। ফলে জাতির মেরুদণ্ড শিক্ষাও হয়েছে অবমূল্যায়নের শিকার।

তিনি বলেন, সুষ্ঠ গণতান্ত্রিক ব্যবস্থার অভাবে জনমতের কোনো মূল্যই বর্তমান সমাজে নেই। তাই শিক্ষাঙ্গনগুলোতে নেতৃত্ব প্রতিষ্ঠার কোনো সুষ্ঠ পন্থাও অনুপস্থিত। যার হাতে অস্ত্র সেই নেতা। এ ধরনের নেতৃত্বের কারণে ছাত্র ছাত্রীদের আশা-আকাংখা, চাওয়া না চাওয়ার কোনো প্রতিফলনই ঘটা না সম্ভব হচ্ছে না।

অধ্যাপক চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পড়াশোনার পরিবেশ যেমন নেই তেমনি ছাত্র-ছাত্রীদের কোনো সুষ্ঠ রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনও এখানে অনুপস্থিত। এর ফলে তারা ক্যাম্পাসে সৃষ্টি করছে বিশৃংখলা।

এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন, আইয়ুব খানের আমলে প্রতিবাদ ছাত্র সমাজ সামরিক শাসনের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠে। এ অবস্থা মোকাবিলা করার জন্য তখন থেকেই দুস্কৃতকারী ও অছাত্রদের ক্যাম্পাসে প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হয়। স্বাধীনতার পরও এ অবস্থার পরিবর্তন হয়নি এবং আজো তা বিদ্যমান।